

# মাউশি ভেঙে ২ অধিদপ্তর হচ্ছে



## সমকাল প্রতিবেদক

প্রকাশ: ১৩ অক্টোবর ২০২৫ | ০৭:১৬ | আপডেট: ১৩ অক্টোবর ২০২৫ | ০৭:১৬

| প্রিন্ট সংস্করণ



মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) ভেঙে নতুন দুটি পৃথক অধিদপ্তর হচ্ছে। একটি মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর এবং অপরটি কলেজ শিক্ষা অধিদপ্তর। প্রধান উপদেষ্টা এ বিষয়ে সম্মতি জ্ঞাপন করেছেন বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এ জন্য ছয় সদস্যের কমিটি গঠন করা হয়েছে।

গতকাল রোববার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে জারি করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সিনিয়র সহকারী সচিব সিফাত উল্লাহ স্বাক্ষরিত এই বিজ্ঞপ্তিতে বলা হয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর থেকে মাধ্যমিক শিক্ষাকে পৃথক অধিদপ্তর প্রতিষ্ঠার লক্ষ্য দুটি পৃথক অর্গানোগ্রাম ও কার্যতালিকাসহ পূর্ণসংস্কৃত প্রস্তাব প্রণয়নে ছয় সদস্যের কমিটি গঠন করা হয়েছে। এই কমিটিকে আগামী ৩০ দিনের মধ্যে দুটি পৃথক অর্গানোগ্রাম প্রস্তুত করে মন্ত্রণালয়ে দাখিল করতে বলা হয়েছে।

জানা যায়, ২০২৩ সালের ২৪ জানুয়ারির ডিসি সম্মেলনে জেলা প্রশাসকরা মাউশি ভেঙে ওই দুই অধিদপ্তর গঠনের প্রস্তাব দেন। তখনও ব্যাপক বিতর্ক ও শিক্ষা ক্যাডারের আপত্তির মুখে প্রস্তাবটি স্থগিত হয়। কিন্তু আড়াই বছর পর সেই পুরোনো প্রস্তাব আবার সামনে এনেছে শিক্ষা মন্ত্রণালয়। সম্প্রতি শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার ও তৎকালীন শিক্ষা সচিব সিদ্ধিক জোবায়ের স্বাক্ষরিত সারসংক্ষেপ প্রধান উপদেষ্টার কার্যালয়ে পাঠানো হয় ও তা সরকারপ্রধানের অনুমোদন পায়।

মাউশি বিভক্তির প্রস্তাব নিয়ে শিক্ষা ক্যাডার কর্মকর্তারা তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন। তাদের ভাষ্য, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা পরম্পর সম্পর্কিত। আলাদা হলে সমন্বয়হীনতা ও প্রশাসনিক জটিলতা বাঢ়বে। একই প্রতিষ্ঠানে উভয় স্তর থাকলে পরিচালনা জটিল হয়ে উঠবে।

বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার মর্যাদা রক্ষা কমিটির সভাপতি এস এম কামাল আহমেদ সমকালকে বলেন, অংশীজনের সঙ্গে কোনো আলোচনা ছাড়াই এমন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া অগ্রহণযোগ্য।